

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৫৬

জিরানীয়া, ২১ নভেম্বর, ২০২৩

জিরানীয়া ব্লকভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা

সরকারের লক্ষ্য প্রান্তিক জনপদের মানুষের কাছে

সরকারি প্রকল্পের সুযোগ পৌঁছে দেওয়া : পর্যটন মন্ত্রী

রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণকর প্রকল্পের সুযোগ আরও বেশী করে জনগণের কাছে পৌঁছে দেওয়ার জন্য শুরু হয়েছে বিকশিত ভারত সংকল্প যাত্রা। সেই সাথে রাজ্য সরকারের উদ্যোগে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানও শুরু হয়েছে। এই দুটি কর্মসূচিরই লক্ষ্য হচ্ছে প্রান্তিক জনপদের মানুষের কাছে সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়া। আজ হরিজয় চৌধুরী গ্রামপঞ্চায়েতের মাকুমাইকামী উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে জিরানীয়া ব্লকভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা, প্রতি ঘরে সুশাসন ২.০, জিরানীয়া ব্লকভিত্তিক যুব উৎসব, কৌশল মেলা ও আয়ুশ গ্রাম অনুষ্ঠানের সূচনা করে খাদ্য, পরিবহণ ও পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। তিনি বলেন, ত্রিপুরা পঞ্চায়েত থেকে শুরু করে শহর এলাকার যোগ্য সুবিধাভোগীরা যেন সরকারি প্রকল্পের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত না হন তার জন্য আরও আন্তরিকভাবে কাজ করতে হবে। প্রতি ঘরে সুশাসন ও বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য মন্ত্রিসভার বিভিন্ন সদস্যকে বিভিন্ন জেলার দায়িত্ব দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জিরানীয়া ব্লকের বিডিও সুমিত কুমার দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস, ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া ব্লক পরামর্শদাতা কমিটির চেয়ারম্যান সুভমণি দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানে সম্প্রতি ২২তম এশিয়ান মাস্টার্স অ্যাথলেটিক্স-এ ১৫০০ মিটার দৌড়ে সোনা জয়ী ও ৮০০ মিটার দৌড়ে রূপ্যপদক জয়ী রাণীর বাজারের ক্রীড়াবিদ মিতালী দেবনাথকে ১০ হাজার টাকার চেক ও স্মারক দিয়ে সম্মাননা জানানো হয়। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী তাকে সম্মাননা জ্ঞাপন করেন। উদ্বোধনী অনুষ্ঠান শেষে পর্যটন মন্ত্রী সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের পক্ষ থেকে ৮টি হুইল চেয়ার এবং ১০ টি ওয়াকিং স্টিক সুবিধাভোগীদের হাতে তুলে দেন। এছাড়াও কৃষি দপ্তরের পক্ষ থেকে ১০টি স্প্রয়ার মেশিন, তপশিলিজাতি কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ৫টি ওয়েট মেশিন সুবিধাভোগীদের হাতে তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*